



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা ১০০০

তদন্ত বিভাগ

(www.badc.gov.bd)

স্মারক নং ১২.২১৬.০২৭.০০.০০.০২৬.২০১৫- ১৩৪৬

তারিখঃ ১৯ মার্চ ২০১৮

শুনানির নোটিশ

জনাব অরূপ রায়, প্রথম আলোর সাভার কার্যালয়, বি-৯৪, বাজার রোড, উপজেলা-সাভার, জেলা-ঢাকা গত ০৩/০১/২০১৮ তারিখে তথ্য অধিকার আইন ২০০৯ মোতাবেক তথ্য চেয়ে চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা বরারব আবেদন করেন (কপি সংযুক্ত)। তিনি ঢাকা জেলার সাভার উপজেলার সাভার মৌজায় ৩০৪ নম্বর খতিয়ানে ১৯৮ ও ১৯৯ দাগে কৃষি উন্নয়ন কর্পোরেশনের মালিকানাধীন জমির পরিমাণ; উক্ত জমিতে কৃষি উন্নয়ন কর্পোরেশনের মালিকানাধীন স্থাপনা ও ব্যক্তি মালিকানাধীন স্থাপনার সংখ্যা ও বর্ণনা; উক্ত জমি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে লিজ/ভাড়া দেওয়া হয়েছে কি না; লিজ/ভাড়া দেওয়া হয়ে থাকলে বছর ভিত্তিক লিজ/ভাড়াটিয়াদের নাম ও ঠিকানা এবং লিজ মানি/ভাড়া বাবদ আদায়কৃত টাকার পরিমাণ; লিজিকে স্থাপনা তৈরির অনুমতি দেওয়া হয়ে থাকলে তার বর্ণনাসহ সংশ্লিষ্ট নথিপত্রের কপি; লিজের জমি লিজির পক্ষ থেকে ভাড়া দেওয়ার অনুমতি আছে কি না এতদসংক্রান্ত তথ্য চেয়ে আবেদন করেন।

০২. কিন্তু বিএডিসি থেকে বর্ণিত বিষয়ে তথ্য সরবরাহ করা হলেও অসম্পূর্ণ ও মিথ্যা তথ্য প্রদান করা হয়েছে উল্লেখ করে আবেদনকারী সংক্ষুব্ধ হয়ে গত ২৬/০২/২০১৮ তারিখে চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা বরারব আপীল আবেদন করেছেন (কপি সংযুক্ত)। উক্ত আপীল আবেদনটি নিষ্পত্তির জন্য আগামী ২৭ মার্চ ২০১৮ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় চেয়ারম্যান বিএডিসি মহোদয় তাঁর অফিস কক্ষে শুনানি গ্রহণ করবেন।

০৩। উক্ত শুনানিতে যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ ফেরদৌস রহমান)

পরিচিতি নং ০১০০১২

মহাব্যবস্থাপক (তদন্ত)

বিএডিসি, ঢাকা

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

সদর দপ্তর তথ্য প্রদান ইউনিট।

বিতরণ (কার্যার্থে):

০১। মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।

০২। যুগ্মপরিচালক (সার), বিএডিসি, ১৬ নং গ্রীন রোড, ঢাকা অঞ্চল, ঢাকা।

০৩। জনাব অরূপ রায়, প্রথম আলোর সাভার কার্যালয়, বি-৯৪, বাজার রোড, উপজেলা-সাভার, জেলা-ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৩। সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

Programmer
20.3.18